গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৩৫ তারিখঃ ২১ মে ২০২৩

বিষয়: রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।

সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২-৩৭২, তারিখ: ২২-০৩-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ১৫ মে ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল এবং মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মোহনপুর, রাজশাহী

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৫ মে ২০২৩ তারিখ, বেলা ২.০০ টা

০৩। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : অনুমোদিত পদে সকলেই কর্মরত আছেন।

০৪। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনকালে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

০৫। পরিদর্শনকালে Stockholder মতামত/পরামর্শের সংক্ষিপ্ত বিবরণ : আগত রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য কক্ষ সংখ্যা বৃদ্ধিসহ অন্যান্য সুযোগ সুবিধা বাড়ানো প্রয়োজন।


০৬। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরন : আর্থিক অনিয়ম পরিলক্ষিত না হলেও বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রয়োজন।


০৭। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : প্রতিষ্ঠানটিতে সেবা প্রদানের মতো পরিবেশ বিদ্যমান নেই এবং রোগীদের ব্যবহৃত বাথরুমসহ অফিসের পরিচ্ছন্নতার মান অত্যন্ত অসন্তোষজনক। ব্যবহৃত ও পুরাতন ব্যবহার অনুপযোগী জিনিসপত্র আলমারির উপর স্তুপ করে রাখা হয়েছে। ড্রেন অপরিস্কার থাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে।


০৮। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা :













৯। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে পুরোপুরি উপযোগী নয়। কর্মকর্তা কর্মচারীদের দাপ্তরিক কাজের জন্য চেয়ার টেবিল এবং অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত ব্যবস্থা করা প্রয়োজন।

১০। কোন সমস্যা/চাহিদা : স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় একই ভবনে অবস্থিত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে সংস্কার কাজ চলমান থাকলেও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হিসাবে ব্যবহৃত ৩টি কক্ষে কোনো ধরণের সংস্কার কার্যক্রম গ্রহণ না করায় অফিসটি ব্যবহার অনুপযোগী প্রায়। এছাড়াও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের ব্লুপ্রিন্ট অনুযায়ী বরাদ্দকৃত ৫টি কক্ষ বুঝে না পাওয়ায় অত্যন্ত স্বল্প পরিসরে আগত রোগীদের সেবা প্রদান করা কষ্টসাধ্য হচ্ছে।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এর তুলনামূলক চিত্র:





১১। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :

(ক) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় জরুরি ভিত্তিতে অবকাঠামোর সংস্কার কাজ গ্রহণ করা প্রয়োজন;

(খ) চিকিৎসা সেবা অব্যাহত রাখার জন্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা প্রয়োজন;

(গ) বিশেষ উদ্যোগ গ্রহণ করে অফিস পরিস্কার পরিচ্ছন্ন করা;

(ঘ) আগত রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের ব্লুপ্রিন্ট অনুযায়ী বরাদ্দকৃত ৫টি কক্ষ হস্তান্তর করা প্রয়োজন;

(ঙ) কর্মকর্তা কর্মচারীদের দাপ্তরিক কাজের জন্য চেয়ার টেবিল এবং অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত ব্যবস্থা করা প্রয়োজন।

(চ) Need assessment করে প্রয়োজনীয় ওষুধ ও রেজিস্টার সরবরাহ করা।

২১।০৫।২৩

(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৮৬৪
me@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৩৫ তারিখঃ ২১ মে ২০২৩

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী
০৫। উপসচিব (পারসোনেল-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।